



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা

আইসিটি অপারেশন বিভাগ

৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

ফোন : (+৮৮ ০২) ৯৫৮৮৬৮২, ৯৫৫১১৬৮

ই-মেইল : dgmictp@krishibank.org.bd

web: www.krishibank.org.bd

সূত্র নং প্রকা/আইসিটি(অপা)-৯(বিবিধ)/২০১৯-২০২০/ ২৫২ (২২০০)

তারিখ : ২৬.০৮.২০১৯

উপ-মহাব্যবস্থাপক

বাংলাদেশ কৃষি ব্যাংক

স্থানীয় মুখ্য কার্যালয়/ সকল কর্পোরেট শাখা

ও

ব্যবস্থাপক

বাংলাদেশ কৃষি ব্যাংক

সকল শাখা।

বিষয় : E-Mail সিস্টেমস ব্যবহারের ক্ষেত্রে Phishing Attack সংক্রান্ত ঝুঁকি হ্রাসে করণীয় প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে, তথ্য-প্রযুক্তি নির্ভর ব্যাংকিং সেবার ব্যাপক প্রসার ঘটায় অত্র ব্যাংকের সকল শাখা, নিয়ন্ত্রনকারী কার্যালয় এবং প্রধান কার্যালয়ের সকল বিভাগ ব্যাংকের নিজস্ব E-mail system ব্যবহার করে পরস্পরের সাথে যোগাযোগ করে আসছে। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কৃষি ব্যাংকের ই-মেইলের Display Name বা প্রথম অংশ (User Name) ব্যবহার করে অত্র ব্যাংকের বিভিন্ন শাখায় কিছু অসুদপায়ী ব্যক্তি/গোষ্ঠী কৃষি ব্যাংকের নামে ভূয়া ই-মেইল প্রেরণ করে জাল-জালিয়াতি করার চেষ্টা করছে এবং শাখার কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের বিভ্রান্ত করছে। তাছাড়া সম্প্রতি ইন্টারনেট এ কৃষি ব্যাংকের Website এর ন্যায় কিছু “নকল সাইট” তৈরী করা হয়েছে যা ICT এর ভাষায় Phishing ওয়েবসাইট বলে। এ ধরনের নকল/ Phishing ওয়েবসাইটে ভুলে নিজের User ID ও Password দিয়ে লগইন করলে মূল E-mail এর User ID ও Password এর তথ্য চুরি হয়ে যায়। পরবর্তীতে চুরিকৃত User ID ও Password এর মাধ্যমে জাল-জালিয়াতকারীরা সংশ্লিষ্ট ইউজার এর সকল ধরনের তথ্য চুরি ও ব্যবহার করতে পারে। তাছাড়া সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, জাল-জালিয়াতকারীরা সংশ্লিষ্ট ইউজার এর সকল ধরনের তথ্য চুরি করে ব্যবহার করার লক্ষ্যে বিভিন্ন অযাচিত ই-মেইল (যেমনঃ ওয়েবমেল প্রশাসক emailupdate20@gmail.com) হতে ই-মেইল অ্যাকাউন্ট ব্যবহারকারীদের পূর্ণ নাম, ই-মেইল, ব্যবহারকারীর নাম, পাসওয়ার্ড, পাসওয়ার্ড নিশ্চিত করন, টেলিফোন নম্বর চাওয়া হচ্ছে; যার সাথে বাংলাদেশ কৃষি ব্যাংকের কোন সংশ্লিষ্টতা নেই।

উক্ত সমস্যা থেকে পরিত্রানের জন্য নিম্নোক্ত সতর্কতা অবলম্বন করার জন্য অনুরোধ করা হলো :

- বাংলাদেশ কৃষি ব্যাংকের নামে কোন ই-মেইল আসলে কেবলমাত্র Display Name এর উপর ভিত্তি না করে কৃষি ব্যাংকের নিজস্ব Domain Name (krishibank.org.bd) ও Domain Name এর Spelling এর বিষয়ে নিশ্চিত হতে হবে। ই-মেইলের বিষয়ে কোনরূপ সন্দেহ ও অস্পষ্টতা পরিলক্ষিত হলে ই-মেইল প্রেরণকারী শাখা/কার্যালয়ের সাথে যোগাযোগ করে নিশ্চিত হতে হবে।
- কৃষি ব্যাংকের নিজস্ব Domain (krishibank.org.bd) ব্যতীত অন্য কোন Domain থেকে অত্র ব্যাংকের কোন পরিচিত Display Name / ই-মেইলের প্রথম অংশ সম্বলিত কোন মেইল আসলে উক্ত ই-মেইলের নির্দেশনা অনুযায়ী কোন ব্যবস্থা গ্রহনসহ কোনরূপ আর্থিক লেনদেন করা যাবে না।
- www.krishibank.org.bd জোন বর্হিত্ত কোন ই-মেইলে Password পরিবর্তন সম্পর্কিত লিংক সমূহ Open বা Click করা বা Attachment Download করা যাবে না।
- কোন অবস্থাতেই ই-মেইলের Password শেয়ার করা যাবে না।
- কোন অযাচিত ই-মেইলের পরিশ্রেক্ষিতে ই-মেইল অ্যাকাউন্ট ব্যবহারকারীদের পূর্ণ নাম, ই-মেইল, ব্যবহারকারীর নাম, পাসওয়ার্ড, পাসওয়ার্ড নিশ্চিত করন, টেলিফোন নম্বর সম্বলিত তথ্যাদি প্রদান করা যাবে না।

০২। তাছাড়া ই-মেইল ব্যবহারের ক্ষেত্রে আইসিটি পরিপত্র নং-০২/২০১৭ এর নির্দেশনাবলী পরিপালনের জন্য পরামর্শ প্রদান করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত



(মোহাম্মদ সালাহউদ্দীন রাজীব)

উপ-মহাব্যবস্থাপক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-২ মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন ও আইসিটি) মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, স্থানীয় মুখ্য কার্যালয় ও সকল বিভাগীয় কার্যালয়।
- ০৫। অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, মিরপুর, ঢাকা।
- ০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়।
- ০৭। মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়।
- ০৮। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়।
- ০৯। নথি/ মহানথি।